

(২)

Ex./BANGLA/PG/1.4/4/2017

৫. ভাগবতের ‘অনুবাদক’ হিসেবে মালাধর বসুর ভূমিকার একটি মূল্যায়ন করো। ১০

৬. বিদ্যাপতিকের “সুখের কবি” বলা আসলে তার প্রতি অবিচার। রবীন্দ্রনাথের মূল্যায়ন স্মরণে রেখে এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার অবস্থান যুক্তিসহ প্রতিষ্ঠা করো। ১০

অথবা

৭. প্রেমবৈচিত্র্য বৈষ্ণব রসতাত্ত্বিকদের গ্রন্থে স্থান পাবার আগেই এসেছিল কবির ভাবনায়। চৈতন্য পূর্ববর্তী কবির রচনায় এর অস্তিত্ব কোথায় পাওয়া যায়? প্রেমবৈচিত্র্য পর্যায়ের একটি সার্থক পদ উল্লেখ করে এর স্বরূপ বুঝিয়ে দাও।

৮. অভিসার কি একটি “রসপর্যায়”? এ বিষয়ে যুক্তিসহ তোমার মতামত জানাও। অচিন্ত্যভেদাভেদ তত্ত্বে আস্থাশীল কবির হাতে অভিসারের সার্থক পদ রচনা প্রায় অসম্ভব—এই মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে তোমার অবস্থান স্পষ্ট করো।

৯. কৃষ্ণদাস কবিরাজ লিখেছেন, “অভক্ত উষ্ট্রের ইথে না হয় প্রবেশ”। কী প্রসঙ্গে তার এই মন্তব্য? অভক্তের প্রবেশাধিকার না থাকা সেই বিশেষ বিষয়টি বিস্তারিতভাবে আলোচনা করো।

অথবা

১০. একদেহে পৃথিবীতে পুনরাবির্ভূত হবার জন্য কৃষ্ণ কেন রাধাকে বেছে নিলেন তা চরিতামৃতের আদি লীলার চতুর্থ পরিচ্ছেদে ধাপে ধাপে ব্যাখ্যা কৃষ্ণদাস কবিরাজ। তার অনুসরণে রাধারই ভাব ও কান্তি বেছে নেওয়ার এই কারণ নিজের ভাষায় লেখো।

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স পি.জি. - ১.৪

সময় দু’ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো

১. ভারতের সংস্কৃতির ইতিহাসে ভক্তি আন্দোলনের একটি প্রতিবাদী চরিত্রও আছে। ভক্তি আন্দোলনের ইতিহাস মাথায় রেখে এই মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

২. ভক্তিসাহিত্যে কৃষ্ণসহচরী হিসেবে রাধার আবির্ভাব বৃত্তান্তের একটি সম্ভাব্য রূপরেখা প্রস্তুত করো। ১০

অথবা

৩. প্রাচীন আলঙ্কারিকদের কেউ কেউ ভক্তিকে ব্যাভিচারভাব বলতে চেয়েছেন। অথচ সেই ভক্তিই বৈষ্ণব দার্শনিকদের হাতে হয়ে উঠল একমাত্র রস। রস হিসেবে ভক্তির এই চূড়ান্ত স্বীকৃতিলাভের পথটি সংক্ষেপে তুলে ধরো। ১০

৪. মালাধর বসুর কাব্যে ভক্তির যে বিশিষ্ট রূপ ধরা পড়েছে তার পরিচয় দাও। ১০

অথবা